

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৪৪.২০২০-২৪২ (১০৫)

তারিখ: ২৪ চৈত্র ১৪২৬
২৫ মার্চ ২০২০


বিষয়: দেশে করোনা ভাইরাস সংক্রমণ সংক্রান্ত বিরাজমান বিশেষ অবস্থার প্রেক্ষাপটে কারাগারে সম্ভাব্য যেকোনো নিরাপত্তা ঝুঁকি মোকাবেলা করার জন্য কেন্দ্রীয়/জেলা কারাগারসমূহে ইমারজেন্সি রেসপন্স টিম গঠন প্রসঙ্গে।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কারাগারের সম্ভাব্য যেকোনো নিরাপত্তা ঝুঁকি মোকাবেলা করার জন্য প্রত্যেক বিভাগের কেন্দ্রীয়/জেলা কারাগারসমূহে ০৬ সদস্য বিশিষ্ট নিম্নোক্ত ইমারজেন্সি রেসপন্স টিম/কমিটি গঠন করতে হবে।

১.	কারা উপ-মহাপরিদর্শক	সভাপতি	
২.	সিনিয়র জেল সুপার/জেল সুপার	সদস্য	
৩.	সহকারী সার্জন/মেডিকেল অফিসার	সদস্য	(যদি থাকে)
৪.	জেলার	সদস্য সচিব	
৫.	ডিপ্লোমা নার্স/ফার্মাসিস্ট	সদস্য	
৬.	ডেপুটি জেলার	সদস্য	

- ২। কারাগারের সকল ওয়ার্ড ও কক্ষে নিয়মিত ও সময়ে সময়ে আকস্মিক তল্লাশি সম্পন্ন করতে হবে, যেন ঝুঁকিপূর্ণ ও বিপদজনক যেকোনো জিনিস যেমন-লাইটার, দিয়াশলাই, কাটার (কাটুনি), দড়ি, দাহ্য পদার্থ (যেমন-কেরোসিন ইত্যাদি), কীচের টুকরা/বোতল, ধারালো জিনিস যেমন টিনের কৌটা ইত্যাদি যাবতীয় দ্রব্যাদি অপসারণ করা সম্ভব হয়।
- ৩। নিয়মিত বিরতিতে উক্ত তল্লাশি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। উক্ত তল্লাশি কার্যক্রম সম্পন্ন হচ্ছে কিনা তা জেল সুপার ও সংশ্লিষ্ট বিভাগের কারা উপ-মহাপরিদর্শক নিবিড় তদারকির মাধ্যমে নিশ্চিত করবেন।
- ৪। কারাগারে সম্ভাব্য দাঙ্গা/বিদ্রোহ প্রতিরোধে সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করতে হবে। নিরাপত্তা মহড়ার জন্য দেশের প্রতিটি কারাগার প্রস্তুত থাকবে এবং বর্তমান পরিস্থিতিতে অধিদপ্তরের নির্দেশ মোতাবেক মহড়ার আয়োজন করতে হবে। মহড়া এবং নিবিড় তদারকির মাধ্যমে নিশ্চিত করতে হবে যেন অস্ত্রাদি ও গোলাবারুদ ব্যবহার উপযোগী থাকে, যে কোনো জবুরি প্রয়োজনে স্বল্পতম সময়ে অস্ত্র ও অন্যান্য নিরাপত্তা সরঞ্জাম হস্তগত ও ব্যবহার করা যায়, অস্ত্রাগারের নিরাপত্তা নিশ্চিত থাকে ও প্রয়োজনের সময় কার কি দায়িত্ব/ভূমিকা সে সম্পর্কে কারাগারের সকল কর্মকর্তা/কর্মচারী সচেতন ও সদা প্রস্তুত থাকে।
- ৫। কারাগারে বিদ্রোহ, পলায়ন এবং এলার্ম অনুশীলনের বিষয়ে কারা বিধির অষ্টম অধ্যায়ে বর্ণিত ধারাসমূহ (ধারা ৪৬৩, ৪৬৪, ৪৬৫, ৪৬৬, ৪৬৭, ৪৬৮, ৪৬৯, ৪৭০, ৪৭১, ৪৭২, ৪৭৩, ৪৭৪, ৪৭৫, ৪৭৬, ৪৭৭, ৪৭৮, ৪৭৯, ৪৮০, ৪৮১, ৪৮২, ৪৮৩, ৫৮৪, ৪৮৫, ৪৮৬, ৪৮৭, ৪৮৮, ৪৯১ ও ৪৯২) এবং সংশ্লিষ্ট অন্যান্য ধারা মোতাবেক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ৬। দ্রুততম সময়ের মধ্যে বন্দিদের অভাব-অভিযোগের প্রতিকারে সচেষ্ট হতে হবে যেন তাদের মধ্যে কোনো ক্ষোভ ও হতাশা বিরাজ না করে। একইসাথে, বন্দিদেরকে শ্রেণী প্রদান করতে হবে যেন সকলে যেকোনো অস্থিতিশীলতা সৃষ্টি করার চেষ্টা থেকে বিরত থাকে এবং সতর্ক থাকে।
- ৭। কারাগারে কর্মরত পি আই ইউ সদস্যবৃন্দ নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে সর্বোচ্চ সক্রিয় থাকবে এবং নিয়মিত যাবতীয় প্রাসঙ্গিক তথ্যাদি যথাযথ কারা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে। তারা নিজেরা কোনো অনিয়মে জড়াবে না এবং সকল কারা কর্তৃপক্ষ পি আই ইউ সদস্যকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।
- ৮। নিরাপত্তা সরঞ্জামাদি যেমন: সিসি টিভি ক্যামেরা, মনিটর, জ্যামার, লাগেজ স্ক্যানার, বডি স্ক্যানার, হ্যান্ড হেল্ড মেটাল ডিটেক্টর ইত্যাদি সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থাসহ অন্যান্য সকল নিরাপত্তা সরঞ্জামাদি সচল রাখতে হবে।

অতএব উপরোক্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ/প্রতিপালন করত: বাস্তবায়ন প্রতিবেদন প্রতি সোম ও বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় ইমেইল (ig@prison.gov.bd, addl.ig@prison.gov.bd, dighq@prison.gov.bd, prison_dte@yahoo.com এবং ocpiu.hq@gmail.com)যোগে কারা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


মোঃ আব্দুল হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ (ই-মেইল যোগে);
২. সিনিয়র জেল সুপার/জেল সুপার সকল কেন্দ্রীয়/জেলা কারাগার; (ই-মেইল যোগে);
৩. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৪. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; (বিবেচ্য পত্রটি কারা অধিদপ্তরের নিম্নস্থ ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৭. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ কারা অধিদপ্তর, ঢাকা;
৮. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৯. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য;